



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমুদ্র পরিবহন অধিদপ্তর  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)  
ঢাকা-১০০০

ফোন : ৯৫১৩৩০৫  
ফ্যাক্স : ৯৫৮৭৩০১  
ই-মেইল : info@dos.gov.bd  
ওয়েব সাইট : www.dos.gov.bd

নং ১২৫/সিএনএস/ইস/মিস/২০১৪/অংশ/৫৮৬

তারিখ : ০৩/০৮/২০১৪ ইং

বিষয় : প্রাইভেট মেরিটাইম ইন্সটিটিউট থেকে ২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং সনদপ্রাপ্ত ক্যাডেটদের  
জাহাজে যোগদান প্রসঙ্গে

সূত্র : সমুদ্র পরিবহন অধিদপ্তরের স্মারক নং ১২৫/সিএনএস/ইস/বিবিধ/২০১৪/৪১৪৮(৪)

তারিখ : ০৫-০৮-২০১৪ইং

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, Guidelines (Approval and Capacity Building) of Private Maritime Training Institute, 2013 মোতাবেক ইন্সটিটিউট/একাডেমী হতে উত্তীর্ণের তিন মাসের মধ্যে সরকারী শিপিং অফিস হতে সকল ক্যাডেট/রেটিংদের সিডিসি জারী এবং সিডিসি জারীর ৬ মাসের মধ্যে ক্যাডেট/রেটিংদের চাকুরীর ব্যবস্থা করতে হবে অর্থাৎ পাস আউট হওয়া সকল ক্যাডেট/রেটিংদের ৯ মাসের মধ্যে জাহাজে চাকুরীর ব্যবস্থা করতে হবে। ক্যাডেট/রেটিংদের চাকুরী প্রাপ্তির সুবিধার্থে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(১) বেসরকারী মেরিটাইম ইন্সটিটিউট এর ২ বছর মেয়াদী প্রি-সী ক্যাডেট ট্রেনিং সমাপনী সনদ এবং সমুদ্র পরিবহন অধিদপ্তর হতে ছাড়পত্রপ্রাপ্ত ক্যাডেটদের চাকুরী ও ভিসা প্রাপ্তির সুবিধার্থে ক্যাডেটদের সিডিসি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কমান্ডান্ট/অধ্যক্ষকে হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।

(২) বেসরকারী মেরিটাইম ইন্সটিটিউট এর ৬ মাস মেয়াদী প্রি-সী রেটিং ট্রেনিং সমাপনী সনদ এবং সমুদ্র পরিবহন অধিদপ্তর হতে ছাড়পত্রপ্রাপ্ত রেটিংদের চাকুরী ও ভিসা প্রাপ্তির সুবিধার্থে রেটিংদের সিডিসি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কমান্ডান্ট/অধ্যক্ষকে হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।

(৩) পরবর্তীতে নিয়োগপত্র/সাইন-অন পত্র প্রাপ্তি ও যাচাই-বাছাই সাপেক্ষে সংশ্লিষ্ট ক্যাডেট/রেটিংদের চুক্তিপত্র সাইন-অন করানোর ব্যবস্থা করতে হবে। ভবিষ্যতে সাইন-অন/অফ/সিডিসিতে ভয়েজ এন্ডোর্সমেন্টে বা যে কোন ধরনের অনিয়ম বা তথ্য-উপাত্তে অনিয়মের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্ট/ক্যাডেট/রেটিং দায়ী হবেন এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। উক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং এ সংক্রান্ত অধিদপ্তরের স্মারক নং ১২৫/সিএনএস/ইস/বিবিধ/২০১৪/৪১৪৮(৪) তারিখ ০৫-০৮-২০১৪ এতদ্বারা বাতিল করা হলো।

*Z. H. H. H.*

কমডোর এম জাকিউর রহমান ভূইয়া, বিএসপি, পিএসসি, বিএন  
মহাপরিচালক

বিতরণ (কার্যার্থে)ঃ

শিপিং মাস্টার, সরকারী শিপিং অফিস, চট্টগ্রাম।

অনুলিপি :

১। সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা (দূর অঃ-অতিরিক্ত সচিব-গ্রন্থাগার)

২। টীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।

৩। প্রধান কর্মকর্তা, নৌ বাণিজ্য অধিদপ্তর, চট্টগ্রাম

৪। সকল প্রাইভেট মেরিটাইম ট্রেনিং ইন্সটিটিউট।